দৈনিক বাংলা

তারিখ 23 OCT 1990
পৃষ্ঠা ২ কলাম ১

23

# শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের প্রতিবাদে চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২২শে অক্টোবর।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আজ সরকারী অধ্যাদেশ বলে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে বিভিন্ন বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার প্রতিবাদ জানিয়েছে।

এক বিবৃতিতে শিক্ষক সমিতি নেতৃবৃন্দ বলেন, শিক্ষক সমাজ বিশ-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিষ্ঠান

(প্রথম পৃঃ পর)

বিদ্যালয়ের স্বায়ত্তশাসনের পরিপন্থী যে কোন সরকারী পদক্ষেপের বিরোধিতা করবে। তারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ার অশুভ তৎপরতার বিরুদ্ধে সকলকে সতর্ক থাকার আহবানজানান।

### শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া ও আটক ছাত্রদের মুক্তি দাবী

শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলে দেয়া ও আটক ছাত্র নেতা এবং কর্মীদের নিঃশর্ত মুক্তির দাবীতে আজ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে বিক্ষোভ প্রদর্শন ও মিছিল করা হয়।

চাকসুর ভিপি নাজিমুদ্দিনের সভাপতিত্বে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। পরে চাকসু ভবনে একটি কালো পতাকা উত্তোলন করা হয়।